



প্রকল্প পরিচালকের কার্যালয়
ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



E-mail: infosarker3@bcc.gov.bd, Web Site: <http://infosarker3.bcc.gov.bd>

স্মারক নং: ৫৬.০১.০০০০.০২৭.০৭.০০১.১৭(অংশ-৫)-৩০৪৭

তারিখ: ১৬/০৮/২০২০ খ্রি:

বিষয়ঃ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়) প্রকল্প “আমার গ্রাম; আমার শহর এবং তারুণ্যের শক্তি” শীর্ষক সেমিনার আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে গত ২৬ মার্চ, ২০২০ খ্রি: থেকে সারাদেশ কার্যত লকডাউন অবস্থায় রয়েছে। গত ৩০ মে, ২০২০ খ্রি: পর্যন্ত সরকারী প্রতিষ্ঠানসমূহ সাধারণ ছুটির আওতায় ছিল যা ৩১ মে, ২০২০ খ্রি: তারিখ থেকে সীমিত আকারে শুরুর হয়েছে। সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনও সাধারণ ছুটির আওতায় রয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে সকল দাপ্তরিক কার্যক্রমের স্থবিরতা রোধকল্পে সরকারী প্রতিষ্ঠানসমূহের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা আবশ্যিক। সে লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সভা, সেমিনার, মাঠ পর্যায়ে পরিদর্শনসহ সকল গুরুত্বপূর্ণ কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করে আসছে।

০২। এমতাবস্থায়, আগামী ১৯/০৮/২০২০ খ্রিঃ তারিখ বুধবার বিকাল ০৩:০০ ঘটিকায় যশোর জেলায় Zoom Online এর মাধ্যমে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক আয়োজিত “আমার গ্রাম; আমার শহর এবং তারুণ্যের শক্তি” শীর্ষক ওয়েব সেমিনার অনুষ্ঠিত হবে। জনাব এন এম জিয়াউল আলম পিএএ, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া প্রকল্প সংশ্লিষ্ট সকল বিষয়ে সার্বিক দিক নির্দেশনা প্রদানপূর্বক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন জনাব পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক(অতিরিক্ত-সচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত থাকবেন জনাব ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, বিভাগীয় কমিশনার, খুলনা। উক্ত ওয়েব সেমিনারে আমার গ্রাম; আমার শহর বাস্তবায়নে প্রকল্পের ভূমিকা এবং প্রকল্পের মাধ্যমে নির্মিত অবকাঠামো ব্যবহার করে তারুণ্যের শক্তির যথাযথ ব্যবহার সংক্রান্ত কর্মকৌশল বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করবেন জনাব বিকর্ণ কুমার ঘোষ, প্রকল্প পরিচালক(অতিরিক্ত-সচিব), ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প। ওয়েব সেমিনারে সভাপতিত্ব করবেন জনাব মো: তমিজুল ইসলাম খান, জেলা প্রশাসক, যশোর।

০৩। বর্ণিতাবস্থায়, উক্ত ওয়েব সেমিনারে অত্র সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। ওয়েব সেমিনারে অংশগ্রহণের লক্ষ্যে ID এবং Password অতি শীঘ্রই প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে- ০১ (এক) পাতা।

জেলা প্রশাসক
যশোর

(মোঃ নাসির উদ্দিন)
উপ-প্রকল্প পরিচালক (উপ-সচিব)
ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
সেল নং-০১৭১৬০৫৪৩১৭

অনুলিপি:

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৩। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। জুনিয়র নেটওয়ার্ক স্পেশালিস্ট (খুলনা ও বরিশাল বিভাগ), ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প।
- ৫। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিসিসি।
- ৬। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, যশোর, ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সামিট কমিউনিকেশনস লিমিটেড।